গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোহাম্মদ মিজানুর রহমান, অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ১৩ জুন ২০২৪
সময় : দুপুর ০১.০০ ঘটিকা
জুম আইডি : 4016395771
পাসকোড : dpe123

আলোচ্য বিষয়:

ক) মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও করণীয় সংক্রান্ত আলোচনা;
খ) ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি ও ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা;
গ) বিবিধ।

(সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক-তে সংযোজিত)

অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সম্মতিক্রমে পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করেন। সভায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালকবৃন্দ ও বিভাগীয় উপপরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই সুপারিনটেনডেন্ট, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী পিটিআই সুপারিনটেনডেন্ট, জেলাধীন সকল উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ইউআরসি ইন্সট্রাক্টর, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক জুম লিংকে সংযুক্ত হয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। অংশীজনের সাথে আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নম্বর | অংশগ্রহণকারীর নাম, পদবী ও কর্মস্থল | আলোচনা | গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | জনাব মাসুদুর রহামান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা | তিনি তাঁর বক্তব্যে বলেন যে, শিক্ষা প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চায় নানাবিধ কার্যক্রম অব্যাহত রয়েছে। বিদ্যালয়পর্যায়ে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা চর্চার বিষয়টি অব্যাহত রাখা হয়েছে। তিনি জানান যে, প্রতিটি বিদ্যালয়ে এ্যাসেম্বলির সময় সৎভাবে চলা, ভালো কাজ করা, এবং পড়ালেখাসহ অন্যান্য বিষয়ে শপথ বাক্য পাঠ করানো এবং উপদেশ প্রদান করা হয়। | বিদ্যালয় ও প্রতিষ্ঠান পর্যায়ে নৈতিক শিক্ষার চর্চা অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: সকল সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষক। |
| ২ | জনাব কামরুল ইসলাম মনি, উপজেলা শিক্ষা অফিসার, শেরপুর, বগুড়া | তিনি তাঁর বক্তব্যে বলেন যে, ধারাবাহিক মূল্যায়ন বিষয়ে ইতিবাচক মনোভাব সৃষ্টিতে বিদ্যালয়ের এস.এম.সি ও শিক্ষকদের নিয়ে মটিভেশনাল সভা করা হচ্ছে। এছাড়া অভিভাবক সমাবেশে শিশুদের ধর্মীয় অনুশাসন, গুরুজনের প্রতি সম্মান দেখানো, সততা ও নৈতিকতার অনুশীলন ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। | সততা ও নৈতিকতার বিষয়সমূহের অনুশীলন অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: প্রধান শিক্ষক (সকল বিদ্যালয়)। |
| ৩ | জনাব এ এইচ কে বড়ুয়া, বি এস এস রিপোর্টার, বরিশাল | তিনি তাঁর বক্তব্যে জানান যে, শিশুদের পরিবার ও প্রাথমিক পর্যায়ে যদি নৈতিক শিক্ষার অনুশীলন অব্যাহত রাখা হয় তাহলে বড় ক্লাসে উত্তীর্ণ হলেও তা অব্যাহত থাকবে। | অভিভাবক সমাবেশ ও বিদ্যালয়ের সমাবেশে নৈতিক শিক্ষার অনুশীলন অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: প্রধান শিক্ষক (সকল বিদ্যালয়)। |

E:\শুদ্ধাচার ২০২৩-২০২৪\অংশীজন সভার রেজুলেশন.doc

| | | | |
|---|---|---|---|
| ৪ | প্রকৌশলী জাকিরুল ইসলাম, এস এম সি সভাপতি সাহাবন্ধপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, মৌলভীবাজার | তিনি তাঁর বক্তব্যে জানান যে, তিনি বিদ্যালয় নিয়মিত পরিদর্শন করেন। শিক্ষকদের ভালো ভালো কাজে উৎসাহ প্রদান করে থাকেন। শিক্ষার্থীদের মাঝে পুরস্কার প্রদান করে তাদের ভালো কাজে উৎসাহিত করার ব্যবস্থা নিয়ে থাকেন। | প্রতিটি বিদ্যালয়ে সৃজনশীল কাজে শিক্ষার্থীদের আগ্রহী করে গড়ে তুলতে হবে।<br>বাস্তবায়ন: প্রধান শিক্ষক (সকল)। |
| ৫ | জনাব মোফাজ্জল হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তাঁর বক্তব্যে বলেন, শিশুদের মাঝে নৈতিকতা চর্চায় তিনি কাবিং এর কার্যক্রমকে গুরুত্ব দিয়েছেন এবং বিদ্যালয়ে অনুশীলন বৃদ্ধিতে উপজেলা শিক্ষা অফিসারদের নির্দেশনা প্রদান করেছেন। | প্রতিটি বিদ্যালয়ে সৃজনশীল কাজে শিক্ষার্থীদের আগ্রহী করে গড়ে তুলতে হবে।<br>বাস্তবায়ন: সকল কর্মকর্তা। |
| ৬ | জনাব মোঃ মোসলেম উদ্দিন, বিভাগীয় উপপরিচালক, খুলনা | তিনি তাঁর বক্তব্যে জানান যে, বিভিন্ন সভা- সমাবেশে শিশুদের বিষয়গুলো আলোচনা করা হচ্ছে। এছাড়া বিদ্যালয়/ প্রতিষ্ঠানে সততা দোকান, অভিযোগ বক্স স্থাপন, কাবিং ও দৈনিক সমাবেশে নীতিবাক্য অনুশীলনের কার্যক্রম অব্যাহত রাখতে সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারীকৃত নির্দেশনার আলোকে মাঠ পর্যায়ের সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: সকল কর্মকর্তা। |

২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সকলের সম্মিলিত প্রচেষ্টায় স্থানীয় পর্যায়ের সমস্যাগুলো সমাধানের উদ্যোগ নিতে সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তিনি সরকারের বিভিন্ন নির্দেশনা/পরিপত্র সঠিকভাবে মেনে চলার আহবান জানান। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কার্যক্রমসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নে আরো সচেষ্ট হওয়ার জন্য বিভাগীয় উপপরিচালকসহ সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৬/২০২৪

মোহাম্মদ মিজানুর রহমান
অতিরিক্ত মহাপরিচালক
ফোন: ৫৫০৭৪৮৯৬৮
ই-মেইল: adgdpe@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৬.২২ (পার্ট-১)- ২২৬

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩১ / ২৩ জুন ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক (সকল)/ উপপরিচালক (সংস্থাপন)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে জাতীয় শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল)।
৪. জনাব -------------------------------------------------------------------------।
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

২৬/০৬/২০২৪

মোঃ মাহবুবুর রহমান বিল্লাহ
উপপরিচালক (সংস্থাপন)